**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/27/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# কো-অপ সিটিতে আবাসনের গুণমান ও সুলভতা বজায় রাখার জন্য পুনরায় অর্থায়ন করতে ঋণ অনুমোদন সম্পর্কে গভর্নর হোকল, সেক্রেটারি ফাজ, সিনেটর স্কুমার, ও রিপ্রেজেন্টেটিভ বোম্যানের ঘোষণা

## *কো-অপ সিটির 45,000 বাসিন্দার জন্য মেরামত ও আপগ্রেড সম্পন্ন করার জন্য তাৎক্ষণিকভাবে 124 মিলিয়ন ডলার প্রদানের জন্য স্টেট ও স্থানীয় সরকারগুলো পুনরায় অর্থায়ন সমর্থন করছে*

## *এই পুনরায় অর্থায়ন বিশ্বের বৃহত্তম আবাসিক কোঅপারেটিভে মানসম্মত আবাসন নিশ্চিত করতে সাহায্য করবে*

গভর্নর ক্যাথি হোকল, যুক্তরাষ্ট্রের আবাসন ও নগর উন্নয়ন বিভাগের (U.S. Department of Housing and Urban development) মারিয়া ফাজ, সিনেটর চার্লস স্কুমার, ও রিপ্রেজেন্টেটিভ জামাল বোম্যান আজ ঘোষণা করেছেন যে কো-অপ সিটির ব্যবস্থাপনাকারী কোম্পানি রিভারবে কর্পোরেশন (Riverbay Corporation), যুক্তরাষ্ট্রের আবাসন ও নগর উন্নয়ন বিভাগ, ওয়েলস ফার্গো (Wells Fargo), নিউ ইয়র্ক স্টেটের মর্টগেজ এজেন্সির (State of New York Mortgage Agency) মর্টগেজ ইনস্যুরেন্স ফান্ড (Mortgage Insurance Fund), এবং NYC আবাসন উন্নয়ন কর্পোরেশন (NYC Housing Development Corporation) কো-অপ সিটির আবাসন ও নগর উন্নয়ন বিভাগের ঋণের পুনঃঅর্থায়ন প্রক্রিয়াকরণ ও অনুমোদন করেছে। এই পুনঃঅর্থায়ন কো-অপ সিটিতে বসবাসকারী হাজার হাজার অধিবাসীদের জন্য দীর্ঘমেয়াদী আবাসনের গুণগত মান ও সুলভতা বজায় রাখবে। এই পুনঃঅর্থায়ন আবাসন কোম্পানিগুলোকে 124 মিলিয়ন ডলারের তহবিল প্রদান করবে যা হিটিং, ভেন্টিলেশন, এবং এয়ার কন্ডিশনিং সিস্টেমের উন্নয়ন, আস্তরণ রক্ষণাবেক্ষণ, এবং বৈদ্যুতিক সিস্টেম আপগ্রেড সহ বড় ধরনের উন্নয়নের জন্য ব্যবহৃত হবে।

"নিউ ইয়র্কবাসীদেরকে তাদের জন্য উপযুক্ত মর্যাদার সাথে বসবাস করার সক্ষমতা প্রদান করবে এমন নিরাপদ, মানসম্মত সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস বজায় রাখতে আমার প্রশাসন অঙ্গীকারাবদ্ধ," **বলেছেন গভর্নর হোকল।** "মূলধনী তহবিলের এই রূপান্তরমূলক সংযোজন আমাদেরকে বিশ্বের সর্ববৃহৎ আবাসন কো-অপারেটিভ, কো-অপ সিটির আধুনিকায়ন করার এবং এটির 45,000 অধিবাসীর জন্য দীর্ঘমেয়াদী সুলভতা নিশ্চিত করার সুযোগ প্রদান করবে।"

**যুক্তরাষ্ট্রের আবাসন ও নগর উন্নয়ন বিভাগের সেক্রেটারি মারিয়া এল. ফাজ বলেন,** "ব্রঙ্কস-এর কো-অপ সিটি কমপ্লেক্সের পুনঃঅর্থায়ন সফলভাবে সম্পন্ন হওয়ায় আমরা সাধুবাদ জানাই। বাইডেন-হ্যারিস প্রশাসন এবং HUD আমাদের হাতের কাছে থাকা সব হাতিয়ার ব্যবহার করে দেশব্যাপী আবাসন বাজারকে স্থিতিশীল করে তুলতে অঙ্গীকারাবদ্ধ, যার মধ্যে ফেডারেল আবাসন প্রশাসনের (Federal Housing Administration) বহুপরিবারভিত্তিক মর্টগেজ বিমাকে একটি গুরুত্বপূর্ণ অর্থায়নের উৎস হিসেবে কাজে লাগানোও অন্তর্ভুক্ত রয়েছে। বড় বড় মেট্রোপলিটন এলাকায় বৃহৎ ঋণ সহায়তা প্রদান থেকে শুরু করে গ্রামীণ কমিউনিটিগুলোতে ও উপশহরাঞ্চলে অপেক্ষাকৃত ছোট আকারের ঋণ সহায়তা প্রদান করা পর্যন্ত, দেশব্যাপী সাশ্রয়ী আবাসন তৈরি ও সংরক্ষণের ক্ষেত্রে একজন অংশীদার হতে পেরে HUD গর্বিত।"

**সিনেটর চার্লস স্কুমার বলেন,** "ক্রমশ ব্যয়বহুল হয়ে ওঠা বর্তমান আবাসন বাজারে ব্রঙ্কস-এর কো-অপ সিটি 45,000 এরও বেশি নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী বাড়ি প্রদান করছে। আর সেকারণেই আমি কো-অপ সিটির জন্য একটি সময়ানুগ পুনঃঅর্থায়ন চুক্তি সম্পন্ন করতে কাজ করেছি, যা এধরনের প্রথম কমিউনিটি হিসেবে এটির গুণগত মান, উপযুক্ততা ও দীর্ঘমেয়াদী সুলভতা বজায় রাখতে সাহায্য করবে। এছাড়াও এই চুক্তি মেরামত ও অন্যান্য উন্নয়ন সম্পন্ন করার সুযোগ করে দেওয়ার মাধ্যমে অধিবাসীদের জীবনের মান উন্নত করবে, এবং একইসাথে ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য সাশ্রয়ী আবাসন সরবরাহ করবে। পুনঃঅর্থায়ন মঞ্জুর করার জন্য আমরা HUD-এর সাথে কাজ করে যাওয়া ও লেগে থাকা বন্ধ করে দিইনি এবং HUD-এর অনুমোদনের বিষয়টি ঘোষণা করতে পেরে আমরা গর্বিত।"

**রিপ্রেজেন্টেটিভ জামাল বোম্যান বলেন,** "কো-অপ সিটি সত্যিকার অর্থেই এধরনের প্রথম কমিউনিটি, যা আমেরিকার বৃহত্তম সাশ্রয়ী আবাসন কো-অপারেটিভের এবং নির্বাচনী এলাকার 45,000 এরও বেশি লোকজনের ঠিকানা, যাদের সেবা দিতে পেরে আমি সম্মানিত বোধ করছি। কো-অপ সিটি কমিউনিটির জন্য তাদের সাশ্রয়ী আবাসন এবং এখানে বসবাসকারী সবাইকে সহায়তা প্রদানকারী বাণিজ্যিক স্পেসের রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় তহবিল থাকার বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেক্রেটারি ফাজের নেতৃত্বের অধীনে যুক্তরাষ্ট্রের আবাসন ও নগর উন্নয়ন বিভাগ, সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা স্কুমার, ও গভর্নর হোকলের সঙ্গে একসাথে রিভারবে কর্প. এর জন্য একটি সময়ানুগ পুনঃঅর্থায়ন চুক্তি এগিয়ে নেয়ার জন্য কাজ করতে পেরে আমি গর্বিত, যা জরুরি মেরামত কাজের জন্য উল্লেখযোগ্য মূলধনী তহবিল সরবরাহ করবে। এই দেশব্যাপী কো-অপারেটিভ আবাসন কেমন দেখাতে পারে কো-অপ সিটি তার একটি উৎকৃষ্ট উদাহরণ এবং এই কমিউনিটিকে আরো বেশি টেকসই, বসবাসযোগ্য ও সাশ্রয়ী করে তোলার জন্য এই ঋণের পুনঃঅর্থায়ন কিভাবে অব্যাহতভাবে সহায়তা করে যাবে আমি তা দেখার প্রত্যাশা রাখি।"

ওয়েলস ফার্গোর প্রদান করা পুনর্গঠিত 621.5 মিলিয়ন ডলারের ঋণ মর্টগেজ সুলভতার মেয়াদ আরো 10 বছর পর্যন্ত বর্ধিত করেছে এবং প্রয়োজনীয় বড় ধরনের মেরামত কাজ সম্পন্ন করার জন্য কো-অপারেটিভকে 124 মিলিয়ন ডলার প্রদান করছে। 15,372টি বাড়ি নিয়ে কো-অপ সিটি বিশ্বের বৃহত্তম কো-অপারেটিভ আবাসন উন্নয়ন প্রকল্প। নিউ ইয়র্ক স্টেটের মর্টগেজ এজেন্সির মর্টগেজ ইনস্যুরেন্স ফান্ড, যা নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-এর অংশ এবং নিউ ইয়র্ক সিটি আবাসন উন্নয়ন কর্পোরেশন

যথাক্রমে 55 মিলিয়ন ডলারের ক্রেডিট সাপোর্ট এবং 15 মিলিয়ন ডলারের ঋণ কভারেজ প্রদান করবে। এই ঋণের মধ্যে তাৎক্ষণিক বড় ধরনের মেরামতের জন্য 15 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে ব্যালকনি ও আস্তরণ মেরামতের জন্য আনুমানিক 10 মিলিয়ন ডলার, আবাসিক ওয়াটার পাম্প প্রতিস্থাপনের জন্য 2.5 মিলিয়ন ডলার এবং গ্যারেজের এলিভেটর প্রতিস্থাপনের জন্য 2.5 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও এই ঋণের মধ্যে ভবিষ্যতের মেরামত কাজের জন্য একটি রিজার্ভ অ্যাকাউন্ট পূরণ করার জন্য 109 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে, যার পুরোটাই অধিবাসীদের কাছ থেকে রক্ষণাবেক্ষণ বাবদ চার্জ উত্তোলন করা ছাড়াই করা হবে।

**যুক্তরাষ্ট্রের আবাসন ও নগর উন্নয়ন বিভাগের নিউ ইয়র্ক ও নিউ জার্সি অঞ্চলের রিজিওনাল অ্যাডমিনিস্ট্রেটর অ্যালিকা অ্যাম্প্রি-স্যামুয়েল বলেন,** "সাশ্রয়ী আবাসন সংরক্ষণ করা HUD-এর অন্যতম শীর্ষ অগ্রাধিকার এবং এই পুনঃঅর্থায়ন কো-অপ সিটি হাজার হাজার পরিবারের জন্য সাশ্রয়ী থাকার বিষয়টি নিশ্চিত করছে। HUD FHA-এর সরবরাহ করা তহবিলের মাধ্যমে সম্ভবপর হওয়া এই উন্নয়ন প্রকল্প নিরাপদ থাকা এবং অধিবাসীদের হালনাগাদকৃত, মানসম্মত ইউনিটে বসবাস চালিয়ে যাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। কো-অপ সিটির পরিবারগুলো এসব উন্নয়ন থেকে উপকৃত হবে এবং আসন্ন বহু বছর ধরে তাদের কমিউনিটিকে উপভোগ করতে সক্ষম হবে।"

**হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল-এর কমিশনার রুথ-অ্যান ভিসনাউকাস বলেন**, "কো-অপ সিটিতে আরো 35 বছর পর্যন্ত সাশ্রয়ী বাড়ির মালিকানা রক্ষাকারী এই অংশীদারিত্বের জন্য আমি অত্যন্ত গর্বিত। অধিবাসীদের জন্য রক্ষণাবেক্ষণ ফি স্থিতিশীল রাখার পাশাপাশি, 621.5 মিলিয়ন ডলারের এই ঋণ অতি প্রয়োজনীয় বড় ধরনের মেরামত প্রকল্পগুলোর অর্থায়ন করবে যাতে 15,372টি বাড়ির সবকয়টি দীর্ঘমেয়াদে নিরাপদ ও সুরক্ষিত থাকার বিষয়টি নিশ্চিত করা যায়। এই প্রাণবন্ত ও বৈচিত্র্যপূর্ণ কমিউনিটিতে সুলভতার সাথে বসবাস করতে পারার পাশাপাশি তাদের সন্তানদের জন্য উত্তরাধিকার হিসেবে অর্পন করে যাওয়ার মতো ইক্যুইটি গড়ে তোলার সুযোগ পেয়ে কয়েক প্রজন্মের নিউ ইয়র্কবাসী উপকৃত হয়েছে। আমাদের বেসরকারি ও সরকারি অংশীদারদের কল্যাণে, কো-অপ সিটি ব্রঙ্কস এর কঠোর পরিশ্রমী পরিবারগুলোর জন্য আগামী কয়েক দশক ধরে অব্যাহতভাবে অর্থনৈতিক সুযোগ-সুবিধা প্রদান করতে থাকবে।"

**স্টেট সিনেটর জামাল বেইলি বলেন,** "কো-অপ সিটি দেশের মধ্যে এধরনের প্রথম কো-অপারেটিভ উন্নয়ন প্রকল্প এবং 50,000 এরও বেশি মানুষ এখানে বসবাস করেন, যেখানে দেশের সর্ববৃহৎ স্বাভাবিকভাবে গড়ে উঠা অবসরপ্রাপ্তদের কমিউনিটিও বিদ্যমান রয়েছে। একটি বিধ্বংসী মহামারীর পরে আমাদের আগের চেয়ে আরো বেশি শক্তিশালী হয়ে বেড়ে উঠার এই সময়ে, 124 মিলিয়ন ডলারের এই তাৎক্ষণিক তহবিল সংযোজন অতি প্রয়োজনীয় বড় ধরনের মেরামত কাজগুলো এবং সিস্টেমব্যাপী অবকাঠামো উন্নয়নের কাজ এগিয়ে নিবে এবং জীবনমান উন্নত করার পাশাপাশি দীর্ঘমেয়াদী সুলভতা রক্ষা করার মাধ্যমে হাজার হাজার পরিবারকে উপকৃত করবে। কো-অপ সিটি যাতে মানসম্মত, সাশ্রয়ী আবাসন এবং অর্থনৈতিক ও সামাজিক দিক থেকে প্রাণবন্ত একটি কমিউনিটি হিসেবে দেশের মধ্যে মডেল হিসেবে বিবেচিত হওয়ার অবস্থান ধরে রাখতে পারে তা নিশ্চিত করতে আমাদের অধিবাসীদের জন্য এবং এই অংশীদারিত্বের জন্য এই পুনঃঅর্থায়ন চুক্তি সম্পন্ন করতে কাজ করায় আমি আমাদের স্টেট ও

ফেডারেল পর্যায়ের অংশীদার, গভর্নর হোকল, সেক্রেটারি ফাজ, সিনেটর স্কুমার, রিপ্রেজেন্টেটিভ বোম্যান, ও রিভারবে কর্পোরেশনের প্রতি কৃতজ্ঞ।"

**অ্যাসেম্বলি সদস্য মাইকেল বেনেডেটো বলেন,** "কো-অপ সিটির জন্য এটি একটি চমৎকার সংবাদ এবং নগদ অর্থের এই সংযোজন অনেক বেশি প্রয়োজনীয় এবং অনেক বেশি সাধুবাদ পাওয়ার দাবিদার। প্রয়োজনের বিষয়টি বুঝতে পারা এবং সঠিক কাজটি করার জন্য গভর্নর হোকলকে অনেক বড় ধন্যবাদ।"

**ওয়েলস ফার্গো মাল্টিফ্যামিলি ক্যাপিটাল হেড অ্যালান ওয়েইনার বলেন,** "কো-অপ সিটির জন্য পুনরায় দীর্ঘমেয়াদী অর্থায়নের ব্যবস্থা করতে পেরে ওয়েলস ফার্গো আনন্দিত। সাশ্রয়ী এবং মধ্যম আয়ের আবাসনের জন্য দীর্ঘমেয়াদী অর্থায়ন প্রদানের ব্যাপারে আমাদের অঙ্গীকারাবদ্ধতা এই শিল্পে নজিরবিহীন। আমরা আমাদের নির্বাচিত অংশীদার সিনেটর স্কুমার, রিপ্রেজেন্টেটিভ বোম্যান ও গভর্নর হোকলকে এবং একইসাথে HUD, নিউ ইয়র্ক স্টেট, ও নিউ ইয়র্ক সিটিতে আমাদের অংশীদারদের অভিনন্দন জানাতে চাই, যারা এটি সম্ভব করে তুলতে আমাদের সাথে একসঙ্গে কাজ করেছেন।"

**NYC আবাসন উন্নয়ন কর্পোরেশনের প্রেসিডেন্ট এরিক এন্ডারলিন বলেন,** "কো-অপ সিটির জন্য এই পুনঃঅর্থায়ন জরুরি প্রয়োজনের সময়ে আমাদের বিদ্যমান সাশ্রয়ী আবাসনের স্টকে অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগের প্রতিনিধিত্ব করে। আমাদের অংশীদারদের ও নির্বাচিত কর্মকর্তাদের সহযোগিতার সৌজন্যে, এই সংরক্ষণ প্রচেষ্টা স্থায়ী সুলভতা ও ব্যাপক পর্যায়ে বড় ধরনের মেরামত কাজ সম্পন্ন হওয়া নিশ্চিত করবে যা এই গতিশীল কমিউনিটিতে বসবাসকারী হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জন্য আবাসনের স্থিতিশীলতা এবং উন্নত জীবনযাত্রার মান সরবরাহ করবে।"

**কো-অপ সিটি বোর্ডের প্রেসিডেন্ট বারনার্ড সাইলিচ বলেন,** "এই ঋণ আমাদের ভবনগুলো ও অবকাঠামো রক্ষণাবেক্ষণ করতে আমাদেরকে সাহায্য করবে এবং একইসাথে আমাদের অধিবাসীদের জন্য বিপুল পরিমাণে বর্ধিত ফি প্রদান করার প্রয়োজন কমিয়ে আনবে। পরিচালনা বোর্ড ও অধিবাসীদের পক্ষ থেকে আমি আমাদের প্রতি সমর্থন দিয়ে যাওয়া এবং এই ঋণ অর্জনের জন্য একসঙ্গে কাজ করে যাওয়া সব সরকারি সংস্থা ও নির্বাচিত কর্মকর্তাকে ধন্যবাদ জানাই।"

কো-অপ সিটির মালিক রিভারবে কর্পোরেশনকে প্রদান করা 2012 সালের ওয়েলস ফার্গো মর্টগেজ ঋণ ছিল আবাসন ও নগর উন্নয়ন বিভাগের সেকশন 223(f) কর্মসূচির অধীনে বিমাকৃত সর্ববৃহৎ ঋণ, যা বহুপরিবারভিত্তিক সম্পত্তির ক্ষেত্রে মর্টগেজ ডিফল্ট হওয়া থেকে ঋণদাতাদের সুরক্ষা প্রদান করে।

কো-অপ সিটির 320 একর জায়গায় 45,000 এরও বেশি লোকের বসবাস - যা দেশের একক বৃহত্তম কো-অপ উন্নয়ন প্রকল্প। এই সাইটে একাধিক স্কুল, তিনটি বাণিজ্যিক মল, এবং নিজস্ব বিদ্যুৎ কেন্দ্র রয়েছে। এটি হাজার হাজার পরিবারকে একটি স্থিতিশীল মধ্যবিত্ত শ্রেণির কমিউনিটিতে বেড়ে উঠার সুযোগ করে দিয়েছে। এই পুনঃঅর্থায়নের ব্যবস্থা এরকম আরো

হাজার হাজার পরিবারের একই সুফলগুলো পাওয়া নিশ্চিত করতে সাহায্য করবে এবং আগামী বছরগুলোতে অধিবাসীদেরকে উপকৃত করবে এমন মূলধনী বিনিয়োগ করার জন্য মুনাফা প্রদান করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418